

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৭৭(আগরতলা, ১৭।৭)
কৈলাসহর, ১৭ জুলাই, ২০১৭

উৎসাহ উদ্দীপনায় চন্ডীপুর ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

শ্রীরামপুরস্থিত স্বামী বিবেকানন্দ ভবনে চন্ডীপুর ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গতকাল অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং চন্ডীপুর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় এই উৎসবের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ। উদ্বোধকের ভাষণে তিনি লোক সংস্কৃতি উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, সংস্কৃতির বিকাশ না হলে সভ্যতারও বিকাশ হয় না। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মধুময় মালাকার ও ভাইস চেয়ারম্যান পুলিন পাল, বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ দেব প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক। সভাপতিত্ব করেন শ্রীরামপুর পঞ্চায়েতের প্রধান বাসন্তী দাস। লোক সংস্কৃতি উৎসবে ১২৫ জন শিল্পী হালাম, সাঁওতাল, বুমুর, ধামাইল নৃত্য ও লোক-সংগীত পরিবেশন করেন।
